



GOVERNMENT OF WEST BENGAL
GOVERNMENT GENERAL DEGREE COLLEGE, KHARAGPUR-II
AMBIGERIA, MADPUR, PASCHIM MEDINIPUR-721149, WEST BENGAL

Admission ও Course বিষয়ে জরুরি কিছু কথা

১) নতুন শিক্ষাবর্ষের B.A. ও B.Sc (অনার্স ও জেনারেল) কোর্সের জন্য অনলাইন ভর্তি প্রক্রিয়া শুরু হচ্ছে ১০ অগাস্ট ২০২০, দুপুর ১২ টা থেকে। রেজিস্ট্রেশন, অ্যাপ্লিকেশন এবং টাকা জমা দেওয়া যাবে ২৪ অগাস্ট ২০২০, রাত ১২ টা পর্যন্ত। পরবর্তী পর্যায়গুলির (মেরিট লিস্ট বেরোনো, মেরিট লিস্টে কোনও ভুল থাকলে তা সংশোধনের প্রক্রিয়া, প্রতিশনাল অ্যাডমিশন, ক্লাস শুরু ইত্যাদি) তারিখ Table no 7-এ (Important Dates) দেওয়া হয়েছে। এই তারিখগুলি অনিবার্য পরিস্থিতিতে পরিবর্তন হতে পারে। তাই আবেদনকারীদের কলেজের ওয়েবসাইটে নিয়মিত চোখ রাখতে অনুরোধ করা হচ্ছে।

২) অনলাইন অ্যাপ্লিকেশনের জন্য রেজিস্ট্রেশন ফিজ ১০০/- টাকা। একবার রেজিস্ট্রেশনে ১০০/- টাকার বিনিময়ে সর্বাধিক তিনটি অনার্স ও একটি জেনারেল বিষয়ের জন্য আবেদন করা যাবে। একবার অ্যাপ্লিকেশন জমা করে দেবার পর আবার নতুন করে আবেদন করতে চাইলে নতুন করে রেজিস্ট্রেশন করতে হবে। নতুন রেজিস্ট্রেশন করতে আবার ১০০/- টাকা রেজিস্ট্রেশন ফিজ লাগবে।

৩) রেজিস্ট্রেশন ফিজ জমা দেওয়া সহ সম্পূর্ণ ভর্তি প্রক্রিয়াটি পুরোপুরি অনলাইন। যারা ভর্তির জন্য সঠিক পদ্ধতি মেনে আবেদন জানাবে, কেবলমাত্র তাদের মধ্যে থেকেই মেধা (Merit Points)-র ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

৪) উচ্চমাধ্যমিক বা সম-পর্যায়ের পরীক্ষা পাশ করলেই জেনারেল কোর্সে আবেদন করা যাবে। অনার্স কোর্সে আবেদন করার জন্য উচ্চমাধ্যমিক পর্যায়ে সেই বিষয়ে (বা আনুষঙ্গিক বিষয়ে) অন্তত ৫০% নম্বর থাকতে হবে /সব বিষয় মিলিয়ে মোট অন্তত ৪৫% নম্বর থাকতে হবে। ভোকেশনাল ট্রেনিং করা ছাত্রছাত্রীরা কেবলমাত্র বি.এ. জেনারেল কোর্সে ভর্তির জন্য আবেদন জানাতে পারবে।

৫) অনলাইন ভর্তির সময় যে যে ডকুমেন্ট লাগবে -

- | |
|---|
| (I) আবেদনকারীর সাম্প্রতিক ছবি।
(II) আবেদনকারীর সই।
(III) উচ্চমাধ্যমিকের মার্কশিট।
(IV) সংরক্ষিত আসনের জন্য নির্দিষ্ট সার্টিফিকেট (SC/ST/OBC-A/OBC-B সার্টিফিকেট, যাদের ক্ষেত্রে প্রযোজ্য)। |
|---|

৬) ভর্তি হবার জন্য কলেজে সশরীর উপস্থিত হবার প্রয়োজন নেই। আবেদনকারী ছাত্রছাত্রীদের কঠোরভাবে নির্দেশ দেওয়া হচ্ছে, যাতে তারা ভর্তি প্রক্রিয়া চলাকালীন কোনওভাবেই কলেজে না আসে। অনলাইন ভর্তির জন্য আবেদন করার সময় ছাত্রছাত্রীরা তাদের ই-মেল আইডি এবং ফোন নম্বর দেবেন। কলেজ কর্তৃপক্ষ প্রয়োজন বোধ করলে ফোন বা ই-মেল মারফৎ আবেদনকারীর সঙ্গে যোগাযোগ করবেন। অনলাইনে ভর্তি হবার পর যেদিন প্রথম সেমিস্টারের ক্লাস শুরু হবে, ছাত্রছাত্রীরা সেদিন কলেজে আসতে পারবে।

৭) ক্লাস শুরু দিন ডকুমেন্ট ভেরিফিকেশন হবে। সে সময় যদি কারো কোনও ডকুমেন্টে সমস্যা বা অনলাইন আবেদনপত্রের সঙ্গে গরমিল খুঁজে পাওয়া যায়, তাহলে পশ্চিমবঙ্গ সরকার এবং বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট ছাত্র/ ছাত্রীর ভর্তি বাতিল করা হবে।

৮) সংরক্ষিত আসনের ছাত্রছাত্রীদের জানানো হচ্ছে, কেবলমাত্র যথযথ সরকারি কর্তৃপক্ষের দেওয়া সার্টিফিকেটই (SC/ST/OBC-A/OBC-B এবং PWD) গ্রাহ্য হবে। ভর্তির ক্ষেত্রে আসন সংরক্ষণ কঠোরভাবে সরকারি নিয়ম মেনে চলা হবে।

৯) আগে অন্য কোনও কলেজে ভর্তি হয়ে থাকা কোনও ছাত্র/ ছাত্রী এই কলেজে ভর্তি হতে চাইলে নির্দিষ্ট একটি সময়সীমার মধ্যে আগের কলেজ থেকে ট্রান্সফার সার্টিফিকেট বা অ্যাডমিশন বাতিলের সার্টিফিকেট নিয়ে আসতে হবে। ডকুমেন্ট ভেরিফিকেশনের দিন কলেজ কর্তৃপক্ষ সেই সময়সীমাটি জানাবেন।

১০) ডকুমেন্ট ভেরিফিকেশনের দিন যে যে ডকুমেন্ট লাগবে -

- (I) দু'টি সাম্প্রতিক স্ট্যাম্প সাইজ ছবি।
- (II) মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের Original এবং Self-attested কপি।
- (III) মাধ্যমিক পর্যায়ে পরীক্ষার মার্কশিটের Original এবং Self-attested কপি।
- (IV) উচ্চ- মাধ্যমিক পর্যায়ে পরীক্ষার মার্কশিটের Original এবং Self-attested কপি।
- (V) উচ্চ- মাধ্যমিক পর্যায়ে পরীক্ষার রেজিস্ট্রেশন সার্টিফিকেটের Original এবং Self-attested কপি।
- (VI) সংরক্ষিত আসনের ক্ষেত্রে ক্যাটাগরি (SC/ST/OBC-A/OBC-B) এবং PWD সার্টিফিকেটের, Original এবং Self-attested কপি।
- (VII) School Leaving সার্টিফিকেটের Original কপি। (এই Original কপিটিই কলেজে জমা করতে হবে। তাই এর জেরক্স কপি আগে থেকেই নিজের কাছে রাখা বাঞ্ছনীয়।)
- (VIII) ২০১৮- বা তার আগে পাস করে যাওয়া যেসব ছাত্রছাত্রী কোনও বিশ্ববিদ্যালয়ে নিজের নাম নথিভুক্ত করেছিল, তাদের ক্ষেত্রে রেজিস্ট্রেশন সার্টিফিকেটের Original এবং Self-attested কপি।
- (IX) আধার কার্ডের Original এবং Self-attested কপি।
- (X) ২০১৭ বা তার আগে উচ্চমাধ্যমিক পর্যায়ে পরীক্ষা পাস করা ছাত্রছাত্রীদের ক্ষেত্রে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অনুমতিপত্র।
- (XI) অনলাইন পেমেণ্টের প্রিন্ট করা কপি।

১১) আবেদনকারীদের অনুরোধ করা হচ্ছে আবেদনের সময় Subject Combination গুলি মনোযোগ সহকারে দেখে নিতে। Table no 5 (Subject Combination/Bunching: 2020-2021) অনুযায়ী কন্সিনেশন বেছে নিতে হবে। অনার্স কোর্সে আবেদনকারীরা প্রধান বিষয়ের সঙ্গে দুটি G.E. (General Elective) সহ একটি কন্সিনেশন বেছে নেবে। যেমন, Chemistry বিষয়ে অনার্স নিলে General Elective হিসেবে নেওয়া যাবে Mathematics ও Physics। জেনারেল কোর্সের ক্ষেত্রে আবেদনকারীদের আলাদা করে তিনটি বিষয় বেছে নিতে হবে। বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী কলেজের সব কোর্সের ছাত্রছাত্রীদের AECC (Elective)-এ Bengali (AECC-E) /English (AECC-E) পড়তে হবে।